

সওদা

মনির হোসেন হেলাল

আমরা সবাই ব্যস্ত সদাই
আপন আপন কাজে,
টাকার পিছে ঘুরছি শুধু
সকাল বিকাল সারো।
চাইয়ে শুধু আরো টাকা
নেইতো শোকর অল্পে,
দ্বীনের কাজে দেইনা সময়
সময় কাটাই গল্পে।
এমনি করে যায়যে সময়
কেউ রাখিনা খবর,
হঠাৎ করে দেখব চেয়ে
সামনে আছে কবর।
তাইতো বলি থাকতে সময়
একটু সজাগ হই,
পরকালের জন্যে কিছু
সওদা করে লই।